

## আয-যুখরুফ | Az-Zukhruf | الزُّخْرُف

আয়াতঃ ৪৩ : ৪১

আরবি মূল আয়াত:

فَأَمَّا نَذَهَبَنَّ بِكَ فَأِنَّا مِنْهُمْ مُنْتَقِمُونَ ﴿٤١﴾

অনুবাদসমূহ:

অতঃপর যদি আমি তোমাকে নিয়ে যাই, তবে নিশ্চয় আমি তাদের থেকে প্রতিশোধ গ্রহণ করব। — আল-বায়ান

আমি যদি তোমাকে (দুনিয়া থেকে) নিয়েও যাই, তবু আমি তাদের কাছ থেকে প্রতিশোধ গ্রহণ করব। — তাইসিরুল

আমি যদি তোমার মৃত্যু ঘটাই, তবুও আমি তাদেরকে শাস্তি দিব। — মুজিবুর রহমান

And whether [or not] We take you away [in death], indeed, We will take retribution upon them. — Sahih International

৪১. অতঃপর যদি আমরা আপনাকে নিয়ে যাই, তবে নিশ্চয় আমরা তাদের থেকে প্রতিশোধ নেব(১);

(১) কাতাদাহ রাহিমাল্লাহ বলেন, আনাস রাদিয়াল্লাহু আনহু এ আয়াতের তাফসীরে বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চলে গেছেন এখন প্রতিশোধ নেয়া বাকী আছে। আল্লাহ তা'আলা তাঁর নবীকে তার উম্মাতের মধ্যে এমন কিছু দেখাননি যা তার মনোকষ্টের কারণ হবে। শেষ পর্যন্ত রাসূল চলে গেলেন। অন্যান্য নবীগণের ক্ষেত্রে এর ব্যতিক্রম ছিল, তারা তাদের জীবদ্দশাতেই তাদের উম্মাতের উপর শাস্তি আপতিত হতে দেখেছিলেন। [মুত্তাদরাকে হাকিম: ২/৪৪৭]

তাফসীরে জাকারিয়া

(৪১) আমি যদি তোমার মৃত্যু ঘটাই[1] তবুও আমি ওদের নিকট থেকে অবশ্যই প্রতিশোধ নেব;[2]

[1] অর্থাৎ, এদের উপর আযাব আসার পূর্বে যদি আমি তোমার মৃত্যু ঘটাই অথবা তোমাকে মক্কা থেকে বের করে নিই।

[2] দুনিয়াতেই, যদি আমার ইচ্ছা এর দাবী করে (তবেই), অন্যথায় আখেরাতের আযাব থেকে তো তারা কোনভাবেই বাঁচতে পারবে না।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন